# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)

নং: ৩৯.৩০৭.০৫৪.০০.০১.২৮৪.২০২০/ ১১৫৮ তারিখ: ২৯ /০৭/২০২১

প্রজ্ঞাপন

বিসিএসআইআর-এর ফেলো নির্বাচন কমিটির ৩০.০৫.২০২১ ও ৩১.০৫.২০২১ তারিখের সুপারিশ গত ১৫.০৭.২০২১ তারিখে অনুষ্ঠিত পরিষদের ৩৩০ তম বোর্ড সভায় অনুমোদিত হওয়ায় নিম্নবর্ণিত প্রার্থীদেরকে তাদের নামের পার্শ্বে উল্লিখিত ফেলো হিসেবে শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হল।

| ক্র: নং | রোল নং | নাম | ফেলোশিপের নাম ও বিষয় | ফেলোশিপের মাসিক ভাতা এবং বার্ষিক আনুষঙ্গিক ভাতার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ৪০ | ড. মোহাম্মদ আনিসুর রহমান জামিল | বিসিএসআইআর পোষ্ট ডক্টরাল ফেলোশিপ<br>(রসায়ন) | মাসিক ভাতা ৫৫,০০০/-(পঞ্চান্ন হাজার) টাকা<br>বার্ষিক আনুষঙ্গিক ভাতা: ১,০০,০০০/- টাকা (দুই কিস্তিতে) |
| ২ | ১৮ | মোঃ ইয়াসিন আরাফাত তারেক | প্রফেসর মফিজ উদ্দিন আহমেদ স্মৃতি ফেলোশিপ<br>(রসায়ন) | মাসিক ভাতা ৩৫,০০০/-(পঁয়ত্রিশ হাজার) টাকা<br>বার্ষিক আনুষঙ্গিক ভাতা: ৬০,০০০/- টাকা (দুই কিস্তিতে) |
| ৩ | ২৪ | মোঃ নাজমুল হক | প্রফেসর মফিজ উদ্দিন আহমেদ স্মৃতি ফেলোশিপ<br>(কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং) | মাসিক ভাতা ৩৫,০০০/-(পঁয়ত্রিশ হাজার) টাকা<br>বার্ষিক আনুষঙ্গিক ভাতা: ৬০,০০০/- টাকা (দুই কিস্তিতে) |
| ৪. | ৩০ | রহিমা আক্তার সাথী | প্রফেসর মফিজ উদ্দিন আহমেদ স্মৃতি ফেলোশিপ<br>(ফুড এন্ড নিউট্রিশন) | মাসিক ভাতা ৩৫,০০০/-(পঁয়ত্রিশ হাজার) টাকা<br>বার্ষিক আনুষঙ্গিক ভাতা: ৬০,০০০/- টাকা (দুই কিস্তিতে) |
| ৫. | ৩৫ | স্বীকৃতি বর্ধন | ড. আব্দুল্লাহ আল মূতি শরফুদ্দিন স্মৃতি ফেলোশিপ<br>(প্রাণিবিদ্যা) | মাসিক ভাতা ৩৫,০০০/-(পঁয়ত্রিশ হাজার) টাকা<br>বার্ষিক আনুষঙ্গিক ভাতা: ৬০,০০০/- টাকা (দুই কিস্তিতে) |

চলমান পাতা-২

ড. কুদরত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।
Dr. Qudrat-I-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh.
Fax : 880-2-8613022, E-mail: bcsir@bangla.net, Web site : www.bcsir.gov.bd

শর্তসমূহ:

১. নিয়োগপ্রাপ্ত ফেলোদেরকে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক একটি সেমিনার উপস্থাপন করতে হবে যেখানে লক্ষ্যমাত্রা অর্জনের বৎসরভিত্তিক মাইলফলক চিহ্নিত থাকবে এবং তার ভিত্তিতে ফেলোর কার্যক্রম মূল্যায়ন করা হবে। লক্ষ্যমাত্রা নির্ধারণের ক্ষেত্রে ফেলো গবেষণাগারের সংশ্লিষ্ট বিজ্ঞানীর পরামর্শ গ্রহণ করতে পারবেন।

২. ফেলোদের বিসিএসআইআর-এর যে কোন অঙ্গ প্রতিষ্ঠানের যে কোন বিভাগের যে কোন শাখায় গবেষণা কাজের জন্য সম্মত থাকতে হবে।

৩. ফেলোশিপের মেয়াদ যোগদানের তারিখ হতে এক বৎসর পর্যন্ত বলবৎ থাকবে। তবে, বিসিএসআইআর ফেলোশিপ মূল্যায়ন কমিটির সুপারিশ ও গবেষণার সন্তোষজনক অগ্রগতির উপর ফেলোশিপ নবায়ন হতে পারে। ফেলোশিপের মেয়াদ সর্বোচ্চ ৪ (চার) বৎসরের বেশি হবে না।

৪. গবেষক ফেলো বিসিএসআইআর-এর কোন একটি গবেষণাগারে পূর্ণকালীন গবেষণার কাজে নিয়োজিত হতে হবে। এই কর্মসূচির অধীনে গবেষণা কাজে নিয়োজিত থাকা অবস্থায় অন্য কোন সরকারি, আধাসরকারি, বেসরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কাজ করতে পারবেন না।

৫. (ক) পেশাগত চাকরিতে নিয়োগ, উচ্চ শিক্ষার্থে বিদেশ গমন বা শারীরিক অসুস্থতা ব্যতীত মেয়াদপূর্তির পূর্বে কোন ফেলো পদত্যাগ করতে পারবে না। তবে যুক্তিসঙ্গত কারণে ফেলো এক মাসের নোটিশে গবেষণাগারের ভারপ্রাপ্ত বিজ্ঞানীর মাধ্যমে ফেলোশিপ ত্যাগ করতে পারবেন।

(খ) যুক্তিসঙ্গত কারণে বিসিএসআইআর কর্তৃপক্ষ যে কোন সময় এক মাসের নোটিশে ফেলোশিপ বাতিল করতে পারবে।

৬. ফেলোদের মাসিক ভাতা পরবর্তী মাসের পহেলা তারিখে নির্ধারিত ফরমে বিসিএসআইআর-এর সংশ্লিষ্ট অঙ্গ প্রতিষ্ঠানের পরিচালকের কার্যালয়ে বিল দাখিল করে উত্তোলন করতে হবে।

৭. ফেলোশিপ নবায়নের প্রয়োজনে ফেলোকে নির্ধারিত ছকে নবায়নের জন্য গবেষণা সমন্বয়কারী, বিসিএসআইআর, ড. কুদরাত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫ এর বরাবরে আবেদন করতে হবে।

৮. ফেলো যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (নমুনা সংযুক্ত) জমা দিতে হবে।

৯. গবেষণা অগ্রগতির প্রতিবেদন প্রতি ৩ (তিন) মাস অন্তর সংশ্লিষ্ট শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে গবেষণা সমন্বয়কারী, বিসিএসআইআর, ঢাকা এর নিকট জমা দিতে হবে।

১০. কর্মরত ফেলোদের তাদের নিয়ন্ত্রণকারী/নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে পূর্ণকালীন কাজ করার অনুমোদন/ছুটি/প্রেষণ মঞ্জুরির আদেশসহ ছাড়পত্র জমা দিতে হবে।

চলমান পাতা-৩

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)
BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)



১১. ফেলোশিপের অধীন কর্মরত ফেলো কর্মস্থলে অনুপস্থিত থাকলে দৈনিক হারে ফেলোশিপ ভাতা কর্তন করা হবে।

১২. বর্ণিত শর্তাদি গ্রহণযোগ্য হলে তাকে বিসিএসআইআর-এর চিকিৎসক কর্তৃক শারীরিক যোগ্যতার সনদ গ্রহনপূর্বক আগামী ১৮.০৮.২০২১ তারিখের মধ্যে সচিব, বিসিএসআইআর, ঢাকা-এর নিকট যোগদানপত্র দাখিল করতে হবে। অন্যথায় এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

১৩. ফেলো পদে যোগদানের জন্য তাকে কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

(শাহ্ আবদুল তারিক)
সচিব

প্রাপক,
..................................................
..................................................
..................................................
..................................................

নং: ৩৯.৩০৭.০৫৪.০০.০১.২৮৪.২০২০/ তারিখ: /০৭/২০২১

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u>

১. গবেষণা সমন্বয়কারী, বিসিএসআইআর, ঢাকা।
২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, বিসিএসআইআর, ঢাকা (প্রজ্ঞাপনটি বিসিএসআইআর এর ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৩. পরিচালক (অর্থ ও হিসাব), বিসিএসআইআর, ঢাকা।
৪. সহকারী পরিচালক (বাজেট), বিসিএসআইআর, ঢাকা।
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিএসআইআর, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।)
৬. একান্ত সহকারী, সদস্য (প্রশাসন)/ সদস্য (অর্থ)/ সদস্য (উন্নয়ন)/ সদস্য (বিজ্ঞান ও প্রযুক্তি), বিসিএসআইআর, ঢাকা। (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. একান্ত সহকারী, সচিব, বিসিএসআইআর, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. অফিস কপি।

(শাহ্ আবদুল তারিক)
সচিব

ড. কুদরত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।
Dr. Qudrat-I-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh.
Fax : 880-2-8613022, E-mail: bcsir@bangla.net, Web site : www.bcsir.gov.bd

# অঙ্গীকারনামা

আমি ---------------------------------, পিতা: ----------------------------,
স্থায়ী ঠিকানা:---------------------------------------------------------------------------।
এই মর্মে অঙ্গীকার করছি যে, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ কর্তৃক ----------------
---------------------------- ফেলো হিসেবে নিয়োগের আদেশের পরিপ্রেক্ষিতে নিম্নে বর্ণিত শর্তসমূহ পালন করতে আমার সম্মতি জ্ঞাপন করছি।

*চলমান পাতা - ২*

আমি ঘোষণা করছি যে, গবেষণা সম্পর্কিত কাজের দায়িত্ব ও বিসিএসআইআর-এর স্বত্ব ও অধিকার বিসিএসআইআর-এর আইন অনুযায়ী বিসিএসআইআর কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

১। .............. তারিখের নং-৩৯.৩০৭.০৫৪.০০.০১.২৮৪.২০২০/...... সংখ্যক অফিস স্মারকে বর্ণিত শর্তাবলী আমি নিজে পড়েছি এবং সমস্ত শর্তাবলী মেনে চলতে বাধ্য থাকব।

২। আমি রাষ্ট্র বিরোধী কোন প্রকার কাজে নিজেকে নিয়োজিত করব না।

*চলমান পাতা - ৩*

৩। উল্লেখিত শর্তাবলী মানতে ব্যর্থ হলে বিসিএসআইআর হতে প্রদত্ত সমুদয় অর্থ বিসিএসআইআর কর্তৃপক্ষকে ফেরত দিতে বাধ্য থাকব।

ফেলোর স্বাক্ষর:
ফেলোর পূর্ণ নাম:
তারিখ:

স্বাক্ষীগণের স্বাক্ষর:

১। স্বাক্ষর:
নাম:
পদবী:
ঠিকানা:

২। স্বাক্ষর:
নাম:
পদবী:
ঠিকানা: